

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

গণভোট ২০২৬  
সংসদ নির্বাচন  
দেশের চারি  
দিকের দ্বার

স্মারক নং-৫৭.০৩.০০০০.০০০.০১২.১৮.০০০২.২৫- ৫৪

তারিখ- ১৫/০১/২০২৬খ্রি.


বিষয়: বিসিএস (কারিগরি শিক্ষা) ক্যাডারভুক্ত শিক্ষক/কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষা ও সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা প্রসঙ্গে।

- সূত্র: (১) বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১  
(২) বাংলাদেশ সিভিল সার্ভিস (পদোন্নতি জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত (১) নং স্মারক মোতাবেক জারীকৃত বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১ মোতাবেক সকল ক্যাডার কর্মকর্তাদের চাকরি স্থায়ীকরণের জন্য বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হওয়ার শর্ত রয়েছে। তাছাড়া একই বিধিমালা এবং সূত্রোক্ত (২) নং স্মারক মোতাবেক জারীকৃত বাংলাদেশ সিভিল সার্ভিস (পদোন্নতি জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৭ অনুযায়ী ক্যাডার কর্মকর্তাদের ২০১৫ সনের জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডে ৩৫৫০০-৬৭০১০/- টাকার স্কেলে পদোন্নতির জন্য সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষায় অংশ গ্রহণ করে উত্তীর্ণ হওয়ার শর্ত রয়েছে।

০২। প্রযোজ্য হওয়া সত্ত্বেও বাংলাদেশ সরকারি কর্মকমিশন কর্তৃক বিভিন্ন সময়ে গৃহিত এসব পরীক্ষায় অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন না বা দুই বা ততোধিকবার অংশগ্রহণ করেও অকৃতকার্য হন। বর্ণিত পরীক্ষাসমূহে এরূপ অংশগ্রহণ না করার ফলে/ দুই বা ততোধিকবার অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে কর্মকর্তাদের চাকরি স্থায়ীকরণ, উচ্চতর গ্রেড ও পদোন্নতি প্রদানসহ বিভিন্ন কার্যক্রমে জটিলতা সৃষ্টি হয়। এছাড়া, নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় পরপর দুই বা ততোধিকবার অকৃতকার্য অথবা যুক্তিসংগত কারণ ব্যতিরেকে উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হওয়া সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল বিধিমালা), ২০১৮ এর পরিপন্থি।

০৬। এমতাবস্থায়, চাকরি স্থায়ীকরণ, পদোন্নতিসহ বিভিন্ন কার্যক্রমের সূষ্ঠা নিষ্পত্তিকল্পে তাঁর প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাগণকে বর্ণিত বিধিমালা অনুসরণপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে) যথাসময়ে পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।

  
(আবুল খায়ের মোঃ আক্বাস আলী)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

প্রাপক:

- ১। পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/ভোকেশনাল/পিআইইউ/পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ২। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/পলিটেকনিক ইনস্টিটিউট (সকল)/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস/সার্ভে ইনস্টিটিউট (সকল);